গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা
সংস্থাপন শাখা
www.zsodhaka.gov.bd

# মাসিক সম্মেলনের কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **মুহাম্মদ মাসুম বিল্লাহ**<br>জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা। |
| সভার স্থান | : | জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ০৯ জুন ২০২৬খ্রি. দুপুর ০২.৩০ ঘটিকা। |

**উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের হাজিরাঃ পরিশিষ্ট "ক"**

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আব্দুস ছাত্তার সরকার, সদর সহকারী সেটেলমেন্ট অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীর আলোচ্যসূচিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে জনাব মোঃ আব্দুস ছাত্তার সরকার, সদর সহকারী সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর আওতাধীন পরিচালিত জরিপ কার্যক্রমের সার্বিক চিত্র উপস্থাপন করেন।

তিনি বলেন যে, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা কার্যালয়ের অধিক্ষেত্রাধীন ০৬টি জেলায় (৪টি সিটি কর্পোরেশন এবং ৩৪টি উপজেলায়) মোট ৫২৫৩টি মৌজা বিদ্যমান। তন্মধ্যে জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর আওতাধীন ৩৮১টি মৌজা এবং ইডিএলএমএস প্রকল্পের অধীনে ৪১০টি মৌজা জরিপের কর্মসূচিভুক্ত। জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর আওতাধীন কর্মসূচিভুক্ত ৩৮১টি মৌজার মধ্যে ১০৭টি মৌজা ম্যানুয়াল পদ্ধতিতে এবং ২৭৪টি মৌজা ডিজিটাল পদ্ধতিতে জরিপের কর্মসূচিভুক্ত। ইতোমধ্যে কর্মসূচিভুক্ত ৩৮১টি মৌজার মধ্যে ম্যানুয়াল পদ্ধতির ১০৫টি এবং ডিজিটাল পদ্ধতির ৯৩টিসহ মোট ১৯৮টি মৌজার চূড়ান্ত প্রকাশনা ও গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ১৮৩টি মৌজার মধ্যে ম্যানুয়াল পদ্ধতির ০২টি (সাভার উপজেলাধীন ১৪১ নং দক্ষিণ কৃষ্ণপুর ও ১৪২ নং ছোট কালিয়াকৈর) মৌজা এবং ডিজিটাল পদ্ধতিতে ১৮১টি মৌজার বিভিন্ন স্তরের কার্যক্রম চলমান রয়েছে। ইডিএলএমএস প্রকল্পের অধীনে কর্মসূচিভুক্ত ৪১০টি মৌজার মধ্যে ৫৮টি মৌজার ট্রাভার্স সমাপ্ত হয়েছে এবং ৩৫২টি মৌজার ট্রাভার্স পেন্ডিং আছে। ট্রাভার্স সমাপ্ত ৫৮টি মৌজার বিভিন্ন স্তরের কার্যক্রম চলমান আছে। অত:পর জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর আওতাধীন চলমান ডিজিটাল জরিপের কর্মসূচিভুক্ত মৌজার উপজেলাভিত্তিক চলমান কার্যক্রমের অগ্রগতি/পেন্ডিং বিষয়ে আলোচনা করেন:

**উপজেলা ভিত্তিক জরিপ কার্যক্রমের অগ্রগতি/পেন্ডিং বিষয়ে আলোচনা:**

০১। **জনাব অংক্যজাই রাখাইন, সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, সাভার, ঢাকা** জানান যে, এ উপজেলার আওতাভুক্ত মোট ২১৮টি মৌজা জরিপের কর্মসূচিভুক্ত হয়। তন্মধ্যে ম্যানুয়াল জরিপের ১০৫টি এবং ডিজিটাল জরিপের ৪৪টি মোট ১৪৯টি মৌজার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ায় রেকর্ড হস্তান্তর কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ম্যানুয়াল জরিপের ০২টি এবং ডিজিটাল জরিপের ৬৭টি মৌজার জরিপের বিভিন্ন স্তরে রয়েছে। তসদিক স্তরে ০৫টি মৌজার ১৯৭৪৪টি খতিয়ানের মধ্যে ০৬ জন তসদিক অফিসার মে ২০২৬ মাসে ১০৫১টি খতিয়ানের তসদিক সম্পন্ন করেছেন এবং ০৫টি মৌজা ও ১৮৯৬১টি খতিয়ান পেন্ডিং আছে। আপত্তি স্তরে পেন্ডিং ১২টি মৌজার ১৭৮৭৩টি আপত্তি মামলার মধ্যে মে ২০২৬ মাসে ১৪ জন আপত্তি অফিসার ২৫৪৯টি আপত্তি মামলা নিষ্পত্তি করেছেন এবং ১২টি মৌজা ও ১৫৩২৪টি আপত্তি মামলা পেন্ডিং আছে। উক্ত আপত্তি মামলাসমূহের শুনানী কার্যক্রম চলমান আছে। আপিল স্তরে পেন্ডিং ১৯টি মৌজার মধ্যে ১০টি মৌজার আপিল শুনানী চলমান আছে। মে ২০২৬ মাসে ০৩(তিন) জন আপিল অফিসার ০১টি মৌজা ৪৪৯টি আপিল মামলা নিষ্পত্তি করেছেন। চূড়ান্ত যাঁচ স্তরে পেন্ডিং ০২টি মৌজার ৪২২৬টি খতিয়ানের চূড়ান্ত যাঁচ কাজ চলমান আছে। চূড়ান্ত প্রকাশনা স্তরে পেন্ডিং ০৫টি মৌজার দ্রুতই চূড়ান্ত প্রকাশনা দেয়া হবে। চূড়ান্ত প্রকাশনা সমাপ্ত ০৭টি মৌজার মধ্যে ০৩টি মৌজার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের জন্য জোনাল অফিস বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ০৪টি মৌজার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তাব প্রেরণের অপেক্ষায় আছে।

০২। জনাব মোঃ জসিম উদ্দীন, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.), উপজেলা সেটেলমেন্ট অফিস, কেরানীগঞ্জ, ঢাকা জানান যে, এ উপজেলার মোট ১২টি মৌজা ডিজিটাল জরিপের জরিপের কর্মসূচিভুক্ত রয়েছে। তন্মধ্যে ০৭টি মৌজার ট্রাভার্স পেন্ডিং আছে। অবশিষ্ট ০৫টি মৌজার মধ্যে ০৩টি মৌজা খানাপুরী-বুঝারত এবং ০২টি মৌজা তসদিক স্তরে আছে। খানাপুরি-বুঝারত স্তরে ০৩টি মৌজার মধ্যে ০২টি মৌজার খানাপুরি-বুঝারত চলমান আছে। খানাপুরি-বুঝারত চলমান দুটি মৌজায় মে ২০২৬ মাসে ১৭ জন সার্ভেয়ার ১৭৬০টি খতিয়ান সৃজন করেছেন। ০১টি মৌজার খানাপুরি-বুঝারত আরম্ভ হয়নি। তসদিক স্তরে পেন্ডিং ০১টি মৌজার ৩০৬৮টি খতিয়ানের মধ্যে মে ২০২৬ মাসে ৮৬১টি খতিয়ানের তসদিক সম্পন্ন হয়েছে এবং ১টি মৌজা ও ২২০৭টি খতিয়ানের তসদিক পেন্ডিং আছে। অবশিষ্ট ১টি মৌজা ও ২২০৭টি খতিয়ানের তসদিক কার্যক্রম চলমান আছে। মে ২০২৬ মাসে ০১টি মৌজা ও ১৫৩৮টি খতিয়ানের তসদিকোত্তর যাঁচ কাজ সমাপ্ত হয়েছে। তসদিকোত্তর যাঁচ সমাপ্ত মৌজাটির দ্রুত খসড়া প্রকাশনা (ডিপি) দেয়া হবে।

০৩। জনাব মোঃ আব্দুস ছাত্তার সরকার, সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, গাজীপুর সদর, গাজীপুর জানান যে, এ উপজেলার আওতাভুক্ত মোট ২১টি মৌজা জরিপের কর্মসূচিভুক্ত হয়। তন্মধ্যে ০১টি মৌজার (কোনাপাড়া) গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ায় রেকর্ড হস্তান্তর কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ২০টি মৌজার জরিপের বিভিন্ন স্তরে রয়েছে। খানাপুরি-বুঝারত স্তরে পেন্ডিং ০৬টি মৌজার খানুপরি-বুঝারত সম্পন্ন করার জন্য ১৪ জন সার্ভেয়ার ও ০৪ জন হল্কা অফিসার নিয়োগ করা হয়েছে। খানাপুরি-বুঝারত স্তরে ১৪ জন সার্ভেয়ার মে ২০২৬ মাসে ১২৬টি খতিয়ান সৃজন করেছেন। তসদিক স্তরে পেন্ডিং ০৫টি মৌজার ২০৬৫৪টি খতিয়ানরে তসদিক সম্পন্ন করার জন্য ০৫ জন তসদিক অফিসার নিয়োগ করা হয়েছে। তসদিক স্তরে মে ২০২৬ মাসে ০৫ জন তসদিক অফিসার ৮০৬টি খতিয়ানের তসদিক সম্পন্ন করেছেন এবং ০৫টি মৌজা ও ১৯৮৪৮টি খতিয়ানের তসদিক চলমান আছে। আপিল স্তরে পেন্ডিং ২টি মৌজার মধ্যে ০১টি মৌজার ৫৭টি আপত্তি মামলা নিস্পত্তির করার জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে। মে ২০২৬ মাসে ১০টি আপিল মামলা নিস্পত্তি হয়েছে এবং ০১টি মৌজা ও ৪৭টি আপিল মামলার শুনানি চলমান আছে। চূড়ান্ত প্রকাশনা স্তরে পেন্ডিং ৩টি মৌজায় দায়েরকৃত প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর ৪২ (ক) বিধির মামলা নিস্পত্তির পর চূড়ান্ত প্রকাশনা দেয়া হবে।

০৪। জনাব সুখেন্দু শেখর সরকার, সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, কালিয়াকৈর, গাজীপুর জানান যে, আটিয়া ফরেস্ট এর আওতায় এ উপজেলার আওতাভুক্ত মোট ০৮টি মৌজা ডিজিটাল জরিপের কর্মসূচিভুক্ত হয়। কর্মসূচিভুক্ত ০৮টি মৌজার মধ্যে কিস্তোয়ার স্তরে ০১টি, তসদিক স্তরে ০৩টি, তসদিক যাঁচ স্তরে ০১টি, খসড়া প্রকাশনা স্তরে ০২টি এবং আপত্তি স্তরে ০১টি, মৌজা রয়েছে। খসড়া প্রকাশনা স্তরে পেন্ডিং দুটি মৌজার খসড়া প্রকাশনা চলমান আছে। অত্র উপজেলায় বর্তমানে অন্য কোন স্তরের কার্যক্রম চলমান নেই মর্মে জানান।

০৫। জনাব শান্তি বিকাশ চাকমা, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.), উপজেলা সেটেলমেন্ট অফিস, সিংগাইর, মানিকগঞ্জ জানান যে, এ উপজেলার মোট ১৪টি মৌজা ডিজিটাল জরিপের জরিপের কর্মসূচিভুক্ত হয়। কর্মসূচিভুক্ত ১৪টি মৌজার মধ্যে ট্রাভার্স স্তরে ০৫টি, খানাপুরি-বুঝারত স্তরে ০২টি, তসদিক স্তরে ০২টি, আপিল স্তরে ০১টি, মুদ্রণ স্তরে ০১টি এবং চূড়ান্ত প্রকাশনা স্তরে ০২টি মৌজা রয়েছে। তসদিক স্তরে পেন্ডিং ০২টি মৌজার ৪৬৬২টি খতিয়ানের মধ্যে মে ২০২৬ মাসে ৯৪০টি খতিয়ান তসদিক সম্পন্ন হয়েছে এবং ৩৭২২টি খতিয়ানের তসদিক পেন্ডিং আছে। আপিল স্তরে দুটি মৌজা পেন্ডিং আছে। চূড়ান্ত প্রকাশনা স্তরে পেন্ডিং ০২টি মৌজা মে ২০২৬ মাসে চূড়ান্ত প্রকাশনা সমাপ্ত হয়েছে। চূড়ান্ত প্রকাশনা সমাপ্ত দুটি মৌজার সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়াল ১৯৩৫ এর ৫৩৪ বিধির দায়েরকৃত মামলা নিস্পত্তি করে দ্রুত গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তাব প্রেরণ করা হবে।

০৬। জনাব মোঃ জসীম উদ্দীন, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.), উপজেলা সেটেলমেন্ট অফিস, সাটুরিয়া, মানিকগঞ্জ জানান যে, এ উপজেলার মোট ০৫টি মৌজা ডিজিটাল জরিপের জরিপের কর্মসূচিভুক্ত হয়। কর্মসূচিভুক্ত ০৫টি মৌজার মধ্যে খানাপুরি-বুঝারত স্তরে ০১টি, আপত্তি স্তরে ০১টি, আপিল স্তরে ০২টি, এবং চূড়ান্ত প্রকাশনা স্তরে ০১টি মৌজা রয়েছে। চূড়ান্ত প্রকাশনা স্তরে পেন্ডিং ৯৩ নং চর তিল্লি চূড়ান্ত প্রকাশনা কার্যক্রম চলমান আছে।

০৭। জনাব ফরিদা খাতুন, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.), উপজেলা সেটেলমেন্ট অফিস, গজারিয়া, মুন্সিগঞ্জ জানান যে, এ উপজেলার আওতাভুক্ত মোট ০২টি মৌজা জরিপের কর্মসূচিভুক্ত হয়। তন্মধ্যে ০১টি মৌজা খানাপুরি-বুঝারত স্তরে আছে এবং ৭২ নং মল্লিকের চর মৌজার চূড়ান্ত প্রকাশনা সমাপ্ত হওয়ার পর গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের জন্য জোনাল সেটেলমেন্ট অফিস বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে।



CamScanner

০৮। জনাব মোঃ মাহবুবুর রহমান, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.), উপজেলা সেটেলমেন্ট অফিস, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ জানান যে, রাজউক পূর্বাচল প্রকল্পের আওতাধীন নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার ১৭টি, গাজীপুর জেলার কালিগঞ্জ উপজেলার ০২টি এবং ঢাকা জেলার গুলশান থানার ০১টি মোট ২০টি মৌজা জরিপের কর্মসূচিভুক্ত হয়। কর্মসূচিভুক্ত ২০টি মৌজারই কিস্তোয়ার সমাপ্ত হয়েছে। কিস্তোয়ার সমাপ্ত ২০টি মৌজার মধ্যে মে ২০২৬ মাস পর্যন্ত ০৭টি মৌজার খানাপুরি-বুঝারত সমাপ্ত হয়েছে, ১২টি মৌজার খানাপুরি-বুঝারত চলমান আছে এবং ০১টি মৌজা খানাপুরি-বুঝারত আরম্ভের অপেক্ষায় আছে। খানাপুরি-বুঝারত স্তরে উক্ত ১৯টি মৌজায় মে ২০২৬ মাস পর্যন্ত মোট ৫৮০৫৫টি খতিয়ান সৃজন করা হয়েছে। খানাপুরি-বুঝারত স্তরে উক্ত ১৯টি মৌজার সৃজনকৃত ৫৮০৫৫টি খতিয়ানের মধ্যে ০৭টি মৌজা ও ৫২৪৮৭টি খতিয়ানের তসদিক সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ১২টি মৌজা ও ৫৫৬৮টি খতিয়ানের তসদিক কার্যক্রম চলমান রয়েছে। তসদিক সমাপ্ত ০৭টি মৌজার মধ্যে ০১টি মৌজার (১০৬ নং টেকনোয়াদ্দা) খসড়া প্রকাশনা সমাপ্ত হয়েছে এবং ০৬টি মৌজার (৩১ নং হারারবাড়ী, ৩২ নং মাইঝগাঁও, ৩৪ নং ইউসুফগঞ্জ, ৩৭ নং সোলপিনা, ৩৫ নং পশি ও ৪১ নং ব্রাহ্মণখালী) খসড়া প্রকাশনা কার্যক্রম চলমান আছে। খসড়া প্রকাশনা সমাপ্ত ০১টি মৌজা এবং চলমান ০৬টি মৌজায় মোট ৫০২৭টি আপত্তি মামলা দায়ের হয়েছে মর্মে জানান। তিনি আরও জানান যে, রাজউক হতে প্লটের তথ্য যথাযথভাবে না পাওয়ায় প্রমাপ অনুযায়ী অগ্রগতি সাধিত হয়নি।

০৯। <u>ইডিএলএমএস প্রকল্প সংক্রান্ত:</u>

(ক) জনাব মোঃ রুহুল আমিন, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.), নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ জানান যে, ইডিএলএমএস প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকার নারায়ণগঞ্জ সদর উপজেলার ২৮টি মৌজা কোরিয়ান কারিগরি ও আর্থিক সহায়তায় ডিজিটাল পদ্ধতিতে জরিপ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে কর্মসূচিভুক্ত রয়েছে। কর্মসূচিভুক্ত মৌজাসমূহের মধ্যে মে ২০২৬ খ্রি. মাস পর্যন্ত ২৫টি মৌজার ট্রার্ভাস সমাপ্ত হয়েছে। ট্রার্ভাস সমাপ্ত ২৫টি মৌজার মধ্যে ১৪টি মৌজার কিস্তোয়ার সমাপ্ত হয়েছে। কিস্তোয়ার সমাপ্ত ১৪টি মৌজার মধ্যে ০৮টি মৌজার খানাপুরি-বুঝারত ও তসদিক সমাপ্ত হয়েছে, ০৪টি মৌজার খানাপুরি-বুঝারত ও তসদিক চলমান এবং ১টি মৌজার (২ নং আটি) খানাপুরী-বুঝারত ও তসদিক কার্যক্রম স্থগিত রয়েছে। অবশিষ্ট ০১টি মৌজা খানাপুরি-বুঝারত ও তসদিক আরম্ভের অপেক্ষায় আছে। মে ২০২৬ পর্যন্ত খানাপুরি-বুঝারত ও তসদিক সমাপ্ত ০৮টি এবং চলমান ০৪টি মৌজার ২৪০২৩টি খতিয়ানের খানাপুরি-বুঝারত ও তসদিক সম্পন্ন করা হয়েছে। খানাপুরি-বুঝারত ও তসদিক সমাপ্ত ০৮টি মৌজা তসদিকোত্তর যাঁচ স্তরের কার্যক্রম আরম্ভের অপেক্ষায় আছে।

(খ) জনাব মোঃ তাজুল ইসলাম, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.), বন্দর, নারায়ণগঞ্জ জানান যে, ইডিএলএমএস প্রকল্পের আওতায় কোরিয়ান কারিগরি ও আর্থিক সহায়তায় নারায়ণগঞ্জ জেলার বন্দর উপজেলার ৪৩টি মৌজা ডিজিটাল পদ্ধতিতে জরিপ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে কর্মসূচিভুক্ত রয়েছে। কর্মসূচিভুক্ত ৪৩টি মৌজার মধ্যে মে ২০২৬ মাস পর্যন্ত ০৯টি মৌজার ট্রাভার্স কার্যক্রম সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৩৪টি মৌজার ডিজিটাল জরিপ কার্যক্রম এখনো আরম্ভ হয়নি। ট্রাভার্স সমাপ্ত ০৯টি মৌজার মধ্যে ০৪টি মৌজার কিস্তোয়ার সমাপ্ত হয়েছে এবং ০১টি মৌজার কিস্তোয়ার চলমান আছে মর্মে জানান।

(গ) জনাব কাজী মনোয়ারুল ইসলাম, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.), ধামরাই, ঢাকা পক্ষে জনাব সোহেল আহম্মদ, সহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দা.),জানান যে, ইডিএলএমএস প্রকল্পের আওতায় কোরিয়ান কারিগরি ও আর্থিক সহায়তায় ঢাকা জেলার ধামরাই উপজেলার ২৯৮টি মৌজা ডিজিটাল পদ্ধতিতে জরিপ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে কর্মসূচিভুক্ত রয়েছে। কর্মসূচিভুক্ত ২৯৮টি মৌজার মধ্যে মে ২০২৬ মাস পর্যন্ত ১৭টি মৌজার ট্রাভার্স কার্যক্রম সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ২৮১টি মৌজার ডিজিটাল জরিপ কার্যক্রম এখনো আরম্ভ হয়নি। ট্রাভার্স সমাপ্ত ১৭টি মৌজার মধ্যে ১৪টি মৌজার কিস্তোয়ার সমাপ্ত হয়েছে এবং ০৩টি মৌজার কিস্তোয়ার চলমান আছে। কিস্তোয়ার সমাপ্ত ১৪টি মৌজার মধ্যে ০২টি মৌজার খানাপুরি-বুঝারত ও তসদিক স্তরের কার্যক্রম চলমান আছে। অবশিস্ট ১২টি মৌজা খানাপুরি-বুঝারত ও তসদিক আরম্ভের অপেক্ষায় আছে। মে ২০২৬ মাসে খানাপুরি-বুঝারত ও তসদিক চলমান দুটি মৌজায় ১৪৮০টি খতিয়ানের খানাপুরি-বুঝারত ও তসদিক সম্পন্ন হয়েছে।

(ঘ) জনাব অংক্যজাই রাখাইন, সহকারী সেটেলমেন্ট অফিসার, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ জনান যে, ইডিএলএমএস প্রকল্পের আওতায় কোরিয়ান কারিগরি ও আর্থিক সহায়তায় মানিকগঞ্জ জেলার মানিকগঞ্জ সদর উপজেলার (মানিকগঞ্জ পৌরসভার আওতাধীন) ৪১টি মৌজা ডিজিটাল পদ্ধতিতে জরিপ কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে কর্মসূচিভুক্ত রয়েছে। কর্মসূচিভুক্ত ৪১টি মৌজার মধ্যে মে ২০২৬ মাস পর্যন্ত ০৭টি মৌজার ট্রাভার্স সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ৩৪টি মৌজার ডিজিটাল জরিপ কার্যক্রম এখনো আরম্ভ হয়নি। ট্রাভার্স সমাপ্ত ০৭টি মৌজার মধ্যে ০৬টি মৌজার কিস্তোয়ার সমাপ্ত হয়েছে এবং ০১টি মৌজার কিস্তোয়ার চলমান আছে। কিস্তোয়ার সমাপ্ত ০৬টি



CamScanner

মৌজার মধ্যে ০৪টি মৌজার খানাপুরী-বুঝারত ও তসদিক চলমান আছে। খানাপুরী-বুঝারত ও তসদিক চলমান ০৪টি মৌজায় মে ২০২৬ মাসে খানাপুরি-বুঝারত স্তরে ১০৩টি খতিয়ান সৃজন হয়েছে তন্মধ্যে ৪৫টি খতিয়ানের তসদিক সম্পন্ন হয়েছে এবং ৫৮টি খতিয়ানের তসদিক কার্যক্রম চলমান রয়েছে।

১০। জনাব মোঃ জাকির হোসেন, চার্জ অফিসার (সিনিয়র সহকারী সচিব) বলেন যে, গত ১৯ মে ২০২৬খ্রি. হতে ২১ মে ২০২৬খ্রি. তারিখ পর্যন্ত ০৩ দিন ব্যাপি অনুষ্ঠিত ভূমি সেবামেলা ২০২৬ এ জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা ও দিয়ারা সেটেলমেন্ট অফিস যৌথভাবে প্রথম পুরস্কার পাওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী, ভূমি মন্ত্রী মহোদয়, ভূমি প্রতিমন্ত্রী মহোদয়, সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় মহোদয়, মহাপরিচালক (গ্রেড-১) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর মহোদয়সহ অন্যান্য উর্দ্ধতন কর্তৃপক্ষের প্রতি জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা এর পক্ষ হতে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অত:পর সরকারের নির্বাচনী ইস্তেহার অনুযায়ী স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী (১৮০ দিন, ৯০০ দিন ও ১৮০০ দিন) কর্মপরিকল্পনাভুক্ত মৌজাসমূহের স্তরভিত্তিক জরিপ কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

১১। সভাপতি বলেন যে, ভূমি সেবামেলা ২০২৬ এ জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা ও দিয়ারা সেটেলমেন্ট অফিস যৌথভাবে প্রথম পুরস্কার প্রাপ্তি শুধুমাত্র জোনাল সেটেলমেন্ট অফিসার ঢাকা এর একক কৃতিত্ব নয়। এ অর্জন পুরো জোনাল সেটেলমেন্ট অফিস ঢাকা পরিবারের। ইহা এ অফিসের সকলের নিরলস প্রচেষ্টা ও ন্যায় নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের সুফল। এ পুরস্কার প্রাপ্তিতে ঢাকা জোন যেমন গৌরবান্বিত হয়েছে; তেমনি এ জোনের ডিজিটাল জরিপ কাজে নিয়োজিত সংশ্লিষ্ট সকলকে দায়িত্ববোধও আরো বেড়ে গেছে। তাই এর ধারাবাহিকতা বজায় রাখতে ন্যায় নিষ্ঠা ও নির্ধারিত প্রমাপ অনুযায়ী কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। পাশাপাশি ঢাকা জোনের চলমান ডিজিটাল জরিপ কার্যক্রমে প্রথম পর্যায়ের স্বল্প মেয়াদী (১৮০ দিন) কর্মপরিকল্পনাভুক্ত ৯৩টি মৌজার স্তরভিত্তিক পেন্ডিং কার্যক্রম বিনা ব্যর্থতায় সম্পন্ন করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে কাজ করতে অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

<u>সিদ্ধান্ত:</u>

(১) সরকারের নির্বাচনী ইস্তেহার অনুযায়ী স্ব-স্ব উপজেলা সেটেলমেন্ট অফিস হতে প্রদত্ত স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদী (১৮০ দিন, ৯০০ দিন ও ১৮০০ দিন) কর্মপরিকল্পনা বিনা ব্যর্থতায় বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

(২) অগ্রাধিকার তালিকাভুক্ত ৩৭টি মৌজার তদন্ত প্রতিবেদন সে সকল কর্মকর্তাগণের নিকট পেন্ডিং আছে ঐ সকল কর্মকর্তাগণকে দ্রুত পেন্ডিং তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।

(৩) সাভার উপজেলা সেটেলমেন্ট অফিসে তসদিক চলমান মৌজাদুটির তসদিক কাজ প্রমাপ অনুযায়ী সমাপ্ত করার জন্য জন্য সংশ্লিষ্ট তসদিক অফিসারগণকে বলা হলো।

(৪) সাভার উপজেলা সেটেলমেন্ট অফিসে আপত্তি ও আপিল চলমান মৌজাসমূহের আপত্তি ও আপিল মামলাসমূহ প্রমাপ অনুযায়ী সমাপ্ত করার জন্য জন্য সংশ্লিষ্ট আপত্তি ও আপিল অফিসারগণকে বলা হলো।

(৫) সাভার উপজেলার চূড়ান্ত যাঁচ স্তরে পেন্ডিং ০২টি মৌজার ৪২২৬টি খতিয়ানের চূড়ান্ত যাঁচ কাজ দ্রুত সমাপ্ত করার জন্য বলা হলো।

(৬) সাভার উপজেলার চূড়ান্ত প্রকাশনা স্তরে পেন্ডিং ০৫টি মৌজার দ্রুত চূড়ান্ত প্রকাশনা স্তরের কার্যক্রম আরম্ভ করার জন্য বলা হলো।

(৭) কেরানীগঞ্জ উপজেলার খানাপুরি-বুঝারত চলমান ২টি মৌজার খানাপুরি-বুঝারত ও তসদিক চলমান ০১টি মৌজার তসদিক কাজ প্রমাপ অনুযায়ী সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে বলা হলো।

(৮) গাজীপুর সদর উপজেলার খানাপুরি-বুঝারত চলমান মৌজার বিডিএস জরিপ কার্যক্রম "ডিজিটাল ভূমি নকশা ও রেকর্ড প্রস্তুত বিষয়ে সাধারণ নির্দেশাবলী (জিআই) ২০১৩, পরিশিষ্ট-৯ এর স্তর-৪" মোতাবেক দৈনিক ৬০টি খতিয়ানের খানাপুরী-বুঝারত সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

(৯) গাজীপুর সদর উপজেলার তসদিক চলমান মৌজাসমূহের তসদিক কাজ প্রমাপ অনুযায়ী সমাপ্ত করার জন্য জন্য সংশ্লিষ্ট তসদিক অফিসারগণকে বলা হলো।

(১০) গাজীপুর সদর উপজেলার আপিল চলমান মৌজার আপিল মামলাসমূহ প্রমাপ অনুযায়ী সমাপ্ত করার জন্য জন্য সংশ্লিষ্ট আপিল অফিসারকে বলা হলো।

(১১) কালিয়াকৈর উপজেলার খসড়া প্রকাশনা (ডিপি) চলমান ০২টি মৌজার ভূমি মালিকগণের ডিপি নম্বর প্রাপ্তিতে এবং প্রযোজ্য ক্ষেত্রে কাঙ্খিত দাগ/খতিয়ানে আপত্তি মামলা দাখিল করতে আগত ভূমি মালিকগণ যেন কোনো প্রকার হয়রানির শিকার না



CamScanner

হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য এবং আপত্তি মামলার ফরম, নোটিশ ফরম বিনামূল্যে ভূমি মালিককে সরবরাহ করার জন্য সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, কালিয়াকৈর, গাজীপুরকে বলা হলো।

(১২) সিংগাইর উপজেলার তসদিক চলমান মৌজার তসদিক কাজ প্রমাপ অনুযায়ী সমাপ্ত করার জন্য জন্য সংশ্লিষ্ট তসদিক অফিসারকে বলা হলো।

(১৩) সিংগাইর উপজেলার চূড়ান্ত প্রকাশনা সমাপ্ত ৫০ নং দক্ষিণ জামশা ও ২১ নং বিনোদপুর ছোট খন্ড মৌজার দ্রুত গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো।

(১৪) সাটুরিয়া উপজেলার চূড়ান্ত প্রকাশনা চলমান ৯৬ নং মৌজার চূড়ান্ত প্রকাশনা সমাপ্ত হলে দ্রুত গেজেট বিজ্ঞপ্তি প্রকাশের প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো।

(১৫) রাজউক পূর্বাচল প্রকল্পভূক্ত খানাপুরি-বুঝারত ও তসদিক চলমান ১২টি মৌজার চলমান বিডিএস জরিপ কার্যক্রম "ডিজিটাল ভূমি নকশা ও রেকর্ড প্রস্তুত বিষয়ে সাধারণ নির্দেশাবলী (জিআই) ২০১৩, পরিশিষ্ট-৯ এর স্তর-৪" মোতাবেক দৈনিক ৬০টি খতিয়ানের খানাপুরী-বুঝারত ও তসদিক সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

(১৬) রাজউক পূর্বাচল প্রকল্পভুক্ত রূপগঞ্জ উপজেলার খসড়া প্রকাশনা (ডিপি) চলমান ০৬টি মৌজার ভূমি মালিকগণের ডিপি নম্বর প্রাপ্তিতে এবং প্রযোজ্য ক্ষেত্রে কাঙ্খিত দাগ/খতিয়ানে আপত্তি মামলা দাখিল করতে আগত ভূমি মালিকগণ যেন কোনো প্রকার হয়রানির শিকার না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, রূপগঞ্জ, নারায়ণগঞ্জকে বলা হলো। সেই সাথে আপত্তি মামলার ফরম, নোটিশ ফরম বিনামূল্যে ভূমি মালিককে সরবরাহ করার জন্যও সহকারী সেটেলমেন্ট অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জকে বলা হলো।

(১৭) রাজউক পূর্বাচল প্রকল্পের চলমান জরিপ কার্যক্রমে যে কোনো সমস্যা সমাধানের লক্ষ্যে অফিস প্রধান হিসেবে নিয়মিত রাজউক কার্যালয়ে যোগাযোগ রাখার জন্য সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, রূপগঞ্জ, নারায়ণগঞ্জকে বলা হলো। যে সকল সেক্টরের কোনো তথ্য এখনো পাওয়া যায়নি সে বিষয়ে সেক্টরসমূহের নাম উল্লেখপূর্বক একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সহকারী সেটেলমেন্ট অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জকে বলা হলো।

(১৮) ইডিএলএমএস প্রকল্পের আওতাভুক্ত নারায়ণগঞ্জ সদর উপজেলার খানাপুরী-বুঝারত ও তসদিক চলমান মৌজাসমূহের খানাপুরি-বুঝারত তসদিক কাজ "ডিজিটাল ভূমি নকশা ও রেকর্ড প্রস্তুত বিষয়ে সাধারণ নির্দেশাবলী (জিআই) ২০১৩, পরিশিষ্ট-৯ এর স্তর-৪" মোতাবেক দৈনিক ৬০টি খতিয়ানের খানাপুরী-বুঝারত ও তসদিক সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

(১৯) ইডিএলএমএস প্রকল্পের আওতাভুক্ত ঢাকা জেলার ধামরাই উপজেলার খানাপুরী-বুঝারত ও তসদিক চলমান মৌজাসমূহের খানাপুরি-বুঝারত তসদিক কাজ "ডিজিটাল ভূমি নকশা ও রেকর্ড প্রস্তুত বিষয়ে সাধারণ নির্দেশাবলী (জিআই) ২০১৩, পরিশিষ্ট-৯ এর স্তর-৪" মোতাবেক দৈনিক ৬০টি খতিয়ানের খানাপুরী-বুঝারত ও তসদিক সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

(২০) ইডিএলএমএস প্রকল্পের আওতাভুক্ত মানিকগঞ্জ জেলার মানিকগঞ্জ সদর উপজেলা খানাপুরী-বুঝারত ও তসদিক চলমান মৌজাসমূহের খানাপুরি-বুঝারত তসদিক কাজ "ডিজিটাল ভূমি নকশা ও রেকর্ড প্রস্তুত বিষয়ে সাধারণ নির্দেশাবলী (জিআই) ২০১৩, পরিশিষ্ট-৯ এর স্তর-৪" মোতাবেক দৈনিক ৬০টি খতিয়ানের খানাপুরী-বুঝারত ও তসদিক সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

(২১) বন্দর উপজেলা সেটেলমেন্ট অফিসের চলমান মাঠ কাজ যথাযথভাবে তদারকি করার জন্য সংশ্লিষ্ট সহকারী সেটেলমেন্ট অফিসারকে বলা হলো।

(২৩) চলমান ডিজিটাল ভূমি জরিপ কার্যক্রমকে হয়রানিমুক্ত ও আরো জনবান্ধব করতে সংশ্লিষ্ট সকলকে অধিক গুরুত্বের সাথে দায়িত্ব পালনের জন্য বলা হলো। সেই সাথে জরিপের প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক এবং সততা ও ন্যায় নিষ্ঠার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের জন্য বলা হলো।

(২৪) জরিপ কার্যক্রম আরম্ভের পূর্বে বিধি মোতাবেক “ক” ও “খ” ইশ্তেহার যথাযথভাবে জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(২৫) কোন মৌজার কিস্তোয়ার শুরুর পূর্বে মাইকিং, জরিপ ক্যাম্প ও জনবহুল এলাকায় প্রকাশ্য স্থানে সাইনবোর্ড/ বিলবোর্ড স্থাপন, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিগণের সমন্বয়ে ব্যাপক গণসংযোগসহ স্থানীয় জামে মসজিদের ঈমামসহ অন্যান্য ধর্মীয়



CamScanner

প্রতিষ্ঠানের প্রধানগণের সহযোগিতায় ব্যাপক প্রচার নিশ্চিত করতে হবে। প্রচার কার্যক্রমের স্থির চিত্র ও ভিডিও চিত্র নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে;

(২৬) "A", "B" এবং "C" ফাইল যথাযথভাবে হালনাগাদ করতে হবে;

(২৭) জরিপ কাজে নিয়োজিত সকল সার্ভেয়ারগণ তাদের কাজের ডায়েরী মেইনটেন করতে হবে;

(২৮) সংশ্লিষ্ট সকলকে প্রতিটি স্তরের নির্ধারিত প্রমাপ অনুযায়ী কাজ করতে হবে;

(২৯) উপেজলা সেটেলমেন্ট অফিস ও মাঠ পর্যায়ে সেবাগ্রহীতাদের জন্য একটি রেজিস্টার সংরক্ষণ করতে হবে। উক্ত রেজিস্টারে আগত সেবাগ্রহীতার নাম, মোবাইল নম্বর ও যে বিষয়ে সেবা প্রদান করা হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ লিপিবদ্ধ করতে হবে। প্রতি মাসের কাজের অগ্রগতির রিপোর্টের সাথে উক্ত মাসে কতজন সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে সে সংক্রান্ত বিষয়ে পৃথক শীটে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;

(৩০) সেবাগ্রহীতাদের সাথে সর্বোচ্চ ভাল আচরণ করতে হবে;

(৩১) প্রত্যেক উপজেলা সেটেলমেন্ট অফিসে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। স্ব-স্ব উপজেলার দায়িত্ব প্রাপ্ত সহকারী সেটেলমেন্ট অফিসারগণ মাসে কমপক্ষে ০২টি মৌজার জরিপ কার্যক্রম পরিদর্শনপূর্বক নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণ করবেন;

(৩২) সরকারী কর্মচারি (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এবং সচিবালয় নির্দেশমালা, ২০২৪ অনুযায়ি সকল কর্মকর্তা/ কর্মচারিদের নির্ধারিত সময়ে নিজ দপ্তরে উপস্থিতি ও প্রস্থান করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ মাসুম বিল্লাহ)
উপসচিব
জোনাল সেটেলমেন্ট অফিসার
ঢাকা।

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০২২.০০৪.১২.২৫-২৪৪

তারিখঃ ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২৯ জুন ২০২৬

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। মহাপরিচালক (গ্রেড-১), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০২। পরিচালক (প্রশাসন/ জরিপ /ভূমি রেকর্ড), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৩। প্রকল্প পরিচালক, ইডিএলএএস প্রকল্প (১ম সংশোধিত), ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
০৪। প্রকল্প পরিচালক, পূর্বাচল প্রকল্প, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ/মানিকগঞ্জ/মুন্সীগঞ্জ ও নরসিংদী।

**অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। চার্জ অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা।
০২। সদর সহকারী সেটেলমেন্ট অফিসার, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা।
০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রেকর্ড রুম, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা।
০৪। সহকারী সেটেলমেন্ট অফিসার (সকল), উপজেলা সেটেলমেন্ট অফিস...............................................................।
০৫। কারিগরি উপদেষ্টা, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা।
০৬। সহকারী সেটেলমেন্ট অফিসার (চ: দায়িত্ব) (সকল), উপজেলা সেটেলমেন্ট অফিস...............................................।
০৭। আইসিটি কর্মকর্তা, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা।
০৮। উপসহকারী সেটেলমেন্ট অফিসার (চ. দায়িত্ব) (সকল), উপজেলা সেটেলমেন্ট অফিস.............................................।
০৯। প্রধান সহকারী-কাম-হিসাব রক্ষক/নাজির-কাম-ক্যাশিয়ার/সিএ, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা।
১০। অফিস কপি।

জোনাল সেটেলমেন্ট অফিসার
ঢাকা।

D/Shafiq/Rejulation March 2026

CamScanner